

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ০৪

এপ্রিল ১৯, ২০০৯
তারিখ :-----
বৈশাখ ০৬, ১৪১৬

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

বিরাজমান বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতি মোকাবেলায় উৎপাদনশীল
খাতসহ বিভিন্ন খাতে ঋণের সুদ হার পুনঃনির্ধারণ প্রসংগে।

লক্ষ্য করা যাচ্ছে যে, বাণিজ্যিক ব্যাংকসমূহ উৎপাদনশীল শিল্পখাতসহ বিভিন্ন খাতে প্রদত্ত ঋণের ক্ষেত্রে উচ্চহারে সুদ আরোপ/ধারণ্য করে আসছে। বর্তমানে মুদ্রাস্ফীতির হার এবং বিরাজমান বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতিতে উৎপাদনশীল খাতসহ অন্যান্য খাতে সুদের হার হ্রাস করা জরুরী বিধায় কৃষিখাত, বৃহৎ ও মাঝারী শিল্পে মেয়াদী ঋণ ও চলতি মূলধন ঋণ, গৃহায়ন এবং বাণিজ্যে অর্থায়ন খাতে ঋণের সর্বোচ্চ সুদের হার বার্ষিক ১৩% এ নির্ধারণ করা হলো। প্রসংগত উল্লেখ্য, জানুয়ারী ১০, ২০০৪ তারিখের বিআরপিডি সার্কুলার নং ০১ এর মাধ্যমে নির্ধারিত সকল প্রকার রপ্তানী ঋণের জন্য সুদের হার বার্ষিক ৭% এবং ডাল, তেলবীজ ও মসলা জাতীয় ফসল ও ভূট্টার জন্য ২% হার সুদে কৃষি ঋণ প্রদান প্রসংগে অক্টোবর ১০, ২০০৬ তারিখে জারীকৃত এসিএসপিডি সার্কুলার নং ০৩ এ বর্ণিত নির্দেশনা বহাল থাকবে।

এছাড়া, সেপ্টেম্বর ২১, ১৯৯৩ তারিখের বিসিডি সার্কুলার নং ৩১ এ বর্ণিত অন্যান্য শর্ত পরিপালন সাপেক্ষে ব্যাংকসমূহ ঋণ ও আমানতের সুদ হার মাসে একবার এর স্থলে প্রয়োজনবোধে একাধিকবার পরিবর্তন করতে পারবে।

অধিকন্তু, ব্যাংকসমূহ কর্তৃক বিভিন্ন সেবা খাতে ধার্যকৃত চার্জ/ফি/কমিশন যৌক্তিকীকরণ প্রসংগে সেপ্টেম্বর ৩০, ২০০৮ তারিখের বিআরপিডি(পি-১)/৭৬০/০২/২০০৮-৩৬৯৩-৩৭৪০ নম্বর পত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এটি বলবৎ থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(আবু হেনা মোহাঃ রাজী হাসান)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫